# নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড (এনপিসিবিএল)

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স
ই-১৩/ডি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ওয়েবসাইট : npcbl.gov.bd

নং ৩৯.১০.০০০০.১০১.০৪.০০১.২৫-৬৩৩ তারিখ : ২৯ জুন ২০২৫

## প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ (এনপিসিবিএল)-এর পক্ষে ও সরকারি স্বার্থ রক্ষার্থে ঢাকাস্থ সকল আদালতে মামলা পরিচালনা এবং প্রযোজ্যতা অনুসারে তদন্ত ও আইনগত পরামর্শ প্রদান সংক্রান্ত কাজে আইনী সেবা প্রদানের লক্ষ্যে প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী আইনজীবীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

১. আবেদনকারী আইনজীবীকে বাংলাদেশি নাগরিক এবং ঢাকায় বসবাসকারী হতে হবে।

২. আগ্রহী আইনজীবীকে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ নির্ধারিত ফরমে আবেদন করতে হবে; আবেদন ফরম এনপিসিবিএল-এর ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে।

৩. আবেদনের সাথে ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের স্বাক্ষরিত ও সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদ, পেশাগত সনদ, হালনাগাদ বার কাউন্সিলের এনরোলমেন্ট সনদ, অভিজ্ঞতাসহ সকল সনদপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে। সাক্ষাৎকারের সময় মূলকপি প্রদর্শন করতে হবে।

৪. আইনজীবী প্যানেভুক্তির জন্য আবেদনের যোগ্যতা :

ক) অ্যাডভোকেট হিসেবে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা যার মধ্যে হাইকোর্ট বিভাগে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা, যাতে ৩০ (ত্রিশ)টি মামলা এককভাবে এবং কমপক্ষে ৫০ (পঞ্চাশ)টি মামলা যৌথভাবে পরিচালনা ও নিষ্পত্তির অভিজ্ঞতা থাকতে হবে। তবে, অবসরপ্রাপ্ত জেলা জজ, যিনি বর্তমানে আইনজীবী হিসেবে কর্মরত রয়েছেন, তিনিও আবেদন করতে পারবেন। আপীল বিভাগে এনরোলম্যান্ট থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

(খ) নিজস্ব মালিকানায়/ভাড়াকৃত মানসম্পন্ন চেম্বার এবং ন্যূনতম ১ (এক) জন সহযোগী আইনজীবী, ১ (এক) জন অ্যাডভোকেট ক্লার্ক ও ১ (এক) জন সহযোগী কর্মচারী থাকতে হবে; সুপ্রিম কোর্ট প্রাঙ্গণে চেম্বার থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

৫. কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসাবে নিয়োজিত থাকলে আবেদনে উল্লেখ করতে হবে; এনপিসিবিএলের স্বার্থবিরোধী কোন মামলা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে পরিচালনা করলে তিনি প্যানেলভুক্তির অযোগ্য বিবেচিত হবেন।

৬. এনপিসিবিএল-এর প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির মেয়াদ হবে ২ (দুই) বছর।

৭. এনপিসিবিএল-এর প্যানেল আইনজীবী নিয়োগ থাকাকালীন কোন প্রকার মাসিক বেতন-ভাতা বা সম্মানী দেয়া হবে না। এনপিসিবিএল-এর মামলা পরিচালনা অথবা প্রতিদ্বন্দ্বিতার দায়িত্ব পালন এবং আইন সংক্রান্ত অন্যান্য সেবা প্রদানের জন্য এনপিসিবিএল কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হারে ফি প্রদান করা হবে; ফি-এর বিদ্যমান হার ও শর্তাদি সম্পর্কিত অফিস আদেশ এনপিসিবিএল-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

৮. এনপিসিবিএল-এর প্যানেল আইনজীবীর তালিকাভুক্তি থেকে অব্যাহতির ক্ষেত্রে কাঙ্খিত অব্যাহতির তারিখের ৯০ (নব্বই) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে এবং প্রয়োজনীয় কাগজপত্র হস্তান্তর করতে হবে; এনপিসিবিএল কর্তৃপক্ষ যে কোন সময় এনপিসিবিএল-এর প্যানেল আইনজীবীর তালিকাভুক্তি বাতিল করতে পারবে।

৯. কেবল সংক্ষিপ্ত তালিকাভুক্ত আবেদনকারীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে; কোন কারণ দর্শানো ছাড়াই এনপিসিবিএল কর্তৃপক্ষ যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১১. ২২ জুলাই ২০২৫ তারিখ বিকাল ০৪.০০ টার মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, এনপিসিবিএল, ই-১৩/ডি, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স (৮ম তলা), আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর আবেদনপত্র পৌঁছাতে হবে।

১২. উপরিউক্ত শর্ত ছাড়াও যে-কোন শর্ত সংযোজন, বিয়োজন, পরিবর্ধন, পরিবর্তন করার ক্ষমতা এনপিসিবিএল কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

কোম্পানী সচিব, এনপিসিবিএল